আজকের কাগজ

তারিখ 08 JUL 1993
পৃষ্ঠা ২ কলাম ৭

# সরকার প্রতিটি থানায় একটি স্কুল ও একটি কলেজ জাতীয়করণ করবে
## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, বিএনপি সরকার প্রতিটি থানায় একটি স্কুল ও একটি কলেজ জাতীয়করণে প্রতিশ্রুতিবদ্ধ।

শিক্ষামন্ত্রী গত ৬ জুলাই শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ শিক্ষক সমিতির নেতাদের সঙ্গে এক বৈঠকে একথা বলেন। মিসেস রহিমা খোন্দকার এমপি, শিক্ষা সচিব ইরশাদুল হক, অতিরিক্ত সচিব মিসেস খোদেজা আজম এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বৈঠকে উপস্থিত ছিলেন। শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার সেশন জট দূর ও ঠিক সময়ে পরীক্ষা গ্রহণের মাধ্যমে শিক্ষা ব্যবস্থায় উন্নয়ন সাধনের প্রচেষ্টা চালাচ্ছে। তিনি বলেন, সরকার শিক্ষার স্বার্থে বেসরকারি শিক্ষকদের জবাবদিহিতা নিশ্চিত করার পন্থা নির্ধারণের ব্যাপারে সক্রিয় চিন্তা-ভাবনা করছে। তিনি বলেন, সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে প্রতিযোগিতার মনোভাব সৃষ্টি হলে তা শিক্ষা ব্যবস্থার উন্নয়নে সহায়ক হবে।

বৈঠকে শিক্ষক সমিতির নেতারা বেসরকারি শিক্ষকদের বিভিন্ন সমস্যা সম্পর্কে মন্ত্রীকে অবহিত করেন এবং এসব সমস্যা সমাধানের জন্য মন্ত্রীকে অনুরোধ করেন।

বৈঠকে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি এম এম আশরাফ আলী, সহ-সভাপতি শাখাওয়াত হোসেন, মহাসচিব নজরুল ইসলাম, যুগ্ম মহাসচিব হুমায়ুন কবির, অর্থ সচিব কে জি মোস্তফা, সাংগঠনিক সম্পাদক শফিউল্লাহ, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ফজলুর রহমান, যুগ্ম সাংগঠনিক সম্পাদক আবুল হোসেন এবং ঢাকা মহানগরী শাখার সভাপতি আবুল হোসেন বৈঠকে উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণী।